# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ক্রেডিট বিভাগ

**বিষয়ঃ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সকল বিভাগের মহাব্যবস্থাপক, মুখ্যআঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপকদের নিয়ে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজসমূহের পূর্ণাঙ্গ বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং সভার কার্যবিবরণী।**

বিগত ১৭/০১/২০২২ ইং এবং ১৯/০১/২০২২ ইং তারিখ যথাক্রমে ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও কুমিল্লা বিভাগ; এবং খুলনা, বরিশাল, সিলেট কুষ্টিয়া ও ফরিদপুর বিভাগের মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপকদের নিয়ে উল্লেখিত কার্যদিবসগুলোতে বিকাল ৪.০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের বোর্ড রুমে ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ ইসমাইল হোসেন মহোদয়ের সভাপতিত্বে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজসমূহের পূর্ণাঙ্গ বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত পর্যালোচনা সভায় উপব্যবস্থাপনা পরিচালক-১ জনাব চানু গোপাল ঘোষ, উপব্যবস্থাপনা পরিচালক-২ জনাব মীর মোফাজ্জল হোসেন, উপব্যবস্থাপনা পরিচালক-৩ জনাব সালমা বানু, মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) জনাব মোঃ আজিজুল বারী, উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান (ক্রেডিট বিভাগ) জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন।

০২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্বাগত বক্তব্য ঃ

সভাপতি মহোদয় তাঁর বক্তব্যের শুরুতে সভায় উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। পাশাপাশি করোনা মহামারি আতঙ্ক বিরাজমান থাকা সত্ত্বেও শাখা এবং মাঠ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ব্যাংকে স্বশরীরে উপস্থিত থেকে সাহসিকতার সাথে তাদের দায়িত্ব পালন করায় তাদেরকে ধন্যবাদ জানান। তিনি করোনায় আক্রান্ত হয়ে যারা মারা গেছেন তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং ব্যাংকের যে সকল কর্মকর্তা ও কর্মচারী এই ভাইরাসে আক্রান্ত হয়েছেন তাদের দ্রুত আরোগ্য কামনা করেন ও যারা আক্রান্ত হয়ে ইতোমধ্যে আরোগ্য লাভ করেছেন তাদের অভিনন্দন জানান। নির্বাহী কমিটিসহ অত্র প্রতিষ্ঠানের যারা করোনা ভাইরাসের ভ্যাকসিন নিয়েছেন তাদের অভিনন্দন জানান আর এখনো যারা ভ্যাকসিন গ্রহন করেন নাই তাদের দ্রুততার সহিত ভ্যাকসিন গ্রহনের পরামর্শ প্রদান করে সভার কার্যক্রম শুরু করেন। এছাড়া তিনি কোভিড-১৯ এর কারণে সৃষ্ট দেশের অর্থনৈতিক সংকট মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজ সমূহ বাস্তবায়নে ২০২০-২০২১ অর্থ বছরে অনবদ্য অবদান রাখার জন্য বিশেষ করে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ বাস্তবায়ন করায় বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে বাংলাদেশ কৃষি ব্যাংককে প্রশংসাপত্র প্রদান করায় বাংলাদেশ কৃষি ব্যাংকের মাঠ পর্যায়ের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তিনি উল্লেখ করেন, বাংলাদেশ কৃষি ব্যাংক দেশের আর্থ-সামাজিক ও গ্রামীন অর্থনীতির উন্নয়নের লক্ষ্যে কৃষিজ পন্যের উৎপাদন বৃদ্ধি, খাদ্যে স্বয়ংসম্পূর্নতা অর্জন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্তে কৃষকদের মধ্যে ব্যাপকভাবে কৃষি ঋণ বিতরণ করা সহ কৃষি ভিত্তিক শিল্প ও দারিদ্র্য বিমোচন কর্মসূচীর আওতায় বিভিন্ন সেক্টরে ঋণ বিতরণে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। সাম্প্রতিক নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সৃষ্ট অর্থনৈতিক সংকট মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণ, কৃষক, শ্রমিক-কর্মচারীদের কাজে নিয়োজিত/বহাল এবং উদ্যোক্তাদের প্রতিযোগিতার সক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ সঠিকভাবে বাস্তবায়ন প্রক্রিয়াধীন থাকায় তিনি চলমান পরিস্থিতিতে সংশ্লিষ্ট সকলকে আরো বেশি উদ্যোমি হয়ে সচেতনতা, সতর্কতা ও সাহসিকতার সাথে কাজ করে দেশের অর্থনৈতিক সংকট মোকাবেলায় সরকার ঘোষিত প্রনোদনা প্যাকেজসমূহের পূর্ণাঙ্গ বাস্তবায়নসহ অত্র ব্যাংকের অন্যান্য ঋণ বিতরণ, ঋণ আদায় ও আমানত সংগ্রহসহ সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী চালিয়ে যাওয়ার মাধ্যমে ব্যাংকের বর্তমান অবস্থার উন্নতির পাশাপাশি দেশ ও জাতির কল্যাণে কাজ করার উদাত্ত আহবান জানিয়ে তার স্বাগত বক্তব্য শেষ করেন।

০৩। উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয় এর বক্তব্যঃ

জনাব চানু গোপাল ঘোষ, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয় উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি বৈশ্বিক করোনা মহামারীর কারণে আক্রান্ত সকলের সুস্থতা কামনা করেন। তিনি সরকার ঘোষিত বিভিন্ন ঋণ প্রণোদনা কার্যক্রমের উপর বিশেষ গুরুত্ব দিয়ে তা যথাযথভাবে সম্পাদনের জন্য পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, আমরা আমাদের নিয়মিত লক্ষ্যমাত্রা অনুয়ায়ী ঋণ বিতরণের পাশাপাশি সরকার ঘোষিত বিভিন্ন ঋণ প্রণোদনা প্যাকেজসমূহের কার্যক্রমগুলো যথাযথভাবে সম্পাদন করতে পারলে ব্যাংক তার অভিষ্ট লক্ষ্যে পৌছাতে পারবে। অন্যথায় ব্যাংক ঘুরে দাড়াতে পারবে না তাই সকলকে নিরলসভাবে কাজ করে চলতি অর্থবছরের সকল ধরণের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দিয়ে এবং সকলের সুস্থতা কামনা করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

০৪। উপব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয় এর বক্তব্যঃ

জনাব মীর মোফাজ্জল হোসেন, উপব্যবস্থাপনা পরিচালক-২ মহান আল্লাহর প্রতি শুকরিয়া ও কৃজ্ঞতা প্রকাশ করে এবং সবাইকে সালাম জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। উপব্যবস্থাপনা পরিচালক-২ কোভিড-১৯ এর কারণে সৃষ্ট দেশের অর্থনৈতিক সংকট মোকাবেলায় কৃষি খাতের উন্নয়নের জন্য সরকার কর্তৃক ২য় পর্যায়ে পুঃঅর্থায়ন স্কীমের বিপরীতে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য নির্ধারিত ১২৯০.০০ কোটি টাকা ঋণ, সিএমএসএমই ঋণ, বৃহৎ শিল্প সার্ভিস সেক্টরের ওয়ার্কিং ক্যাপিটাল এবং নিম্ন আয়ের পেশাজীবী কৃষক ও প্রান্তিক ক্ষুদ্র ব্যবসায়িদের জন্য পুনঃঅর্থায়ন স্কীম সম্পর্কে বিশদ আলোচনা করেন। প্রনোদনা স্কীমগুলোর বিপরীতে সকল বিভাগের অঞ্চল ভিত্তিক অর্জন পর্যালোচনা করে নির্ধারিত সময়ের মধ্যে এ সকল ঋণ বিতরণ শতভাগ অর্জনের জন্য গুরুত্ব আরোপ করেন। নিবিড় তদারকির মাধ্যমে সময় ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে যথাযথ পরিকল্পনা মোতাবেক কাজ করার জন্য সকলকে আহবান জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

চলমান পাতা-০২

০৫। <u>উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয় এর বক্তব্যঃ</u>

জনাব সালমা বানু, উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয় উপস্থিত সকলকে সালাম জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীকে আন্তরিকতার সাথে কাজ করার পরামর্শ দেন। তিনি বলেন, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক সবাইকে সম্মিলিতভাবে ব্যাংকের কাজ করতে হবে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পরামর্শ এবং দিকনির্দেশনা মোতাবেক কাজ করে ব্যাংকের সকল ব্যবসায়িক খাতের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করার জন্য সততার সাথে কঠোর পরিশ্রম করার পরামর্শ প্রদান করেন। সকলের সম্মিলিত প্রচেষ্ঠার মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংককে সম্মানজনক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করে তাঁর বক্তব্য শেষ করেন।

০৬। <u>মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয় এর বক্তব্যঃ-</u>

জনাব মোঃ আজিজুল বারী, মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ মহান আল্লাহর প্রতি শুকরিয়া ও কৃতজ্ঞতা প্রকাশ করে এবং সবাইকে সালাম জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। কোভিড-১৯ বিরাজমান পরিস্থিতিতে শাখা এবং মাঠ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে স্বশরীরে উপস্থিত থেকে সাহসিকতার সাথে তাদের দায়িত্ব পালন করায় তাদেরকে ধন্যবাদ জানান, পাশাপাশি করোনা ভাইরাসে আক্রান্ত ব্যাংকের সকল কর্মকর্তা ও কর্মচারীর দ্রুত আরোগ্য কামনা করেন। তিনি চলতি ২০২১-২০২২ অর্থবছরের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পাশাপাশি সরকার ঘোষিত বিভিন্ন প্রনোদনা প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়নসহ যথাযথ রিপোর্টিং এর উপর গুরুত্ব আরোপ করেন এবং উপস্থিত সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

০৭। এসিডি সার্কুলার নং-০২, তারিখঃ ১৪/০৯/২০২১ মোতাবেক নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত কৃষি ও পল্লী ঋণ নীতিমালার আওতাভুক্ত খাতসমূহে সরকার ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের ক্ষেত্রে মঞ্জুরিকৃত ঋণের শতভাগ বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন গ্রহনের সুযোগ রয়েছে। এছাড়াও অন্যান্য প্রণোদনা প্যাকেজসমূহের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা ও সুদ ভূর্তকী দাবি করে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকে প্রতিবেদন ও তথ্যাদি প্রেরণ করা হলেও তথ্যগত অসঙ্গতি ও ঘাটতি থাকায় বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন ও সুদ ভূর্তকী প্রাপ্তিতে বিলম্ব ঘটছে মর্মে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগ কর্তৃক জানানো হয়। প্রণোদনা প্যাকেজসমূহের আওতায় যথাসময়ে ঋণ বিতরণ, পুনঃঅর্থায়ন ও সুদ ভূর্তকী প্রাপ্তির লক্ষ্যে পর্যালোচনা সভায় নিম্নোক্ত বিষয়গুলো যথাযথভাবে অনুসরণের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়ঃ

ক) এসিডি সার্কুলার নং-০২, তারিখঃ ১৪/০৯/২০২১ মোতাবেক প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে;

খ) এসিডি-০২ এর আওতায় ঋণ মঞ্জুর করার ক্ষেত্রে আবশ্যিকভাবে ক্রেডিট বিভাগের ১৩/১০/২০২১ তারিখের সার্কুলার লেটার নং-৬৭৮(১২৫০) মূলে জারীকৃত খসড়া মঞ্জুরিপত্র অনুসরণপূর্বক মঞ্জুরিপত্র জারী করতে হবে ;

গ) এসিডি-০২ এর আওতায় গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের সর্বোচ্চ মেয়াদ হবে ১৮ মাস বা ১২ মাস । তবে কৃষক/গ্রাহক পর্যায়ে শস্য/ফসল খাতে বিতরণকৃত ঋণের সর্বোচ্চ মেয়াদ হবে ১২ মাস। এছাড়া, অন্যান্য খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে সর্বোচ্চ মেয়াদ হবে ন্যূনতম ৩ মাস গ্রেস পিরিয়ডসহ ১৮ মাস;

ঘ) এসিডি-০২ এর আওতায় বিতরণকৃত ঋণের দাবীকৃত পুনঃঅর্থায়নের যোগফলের সাথে Web Portal এর যোগফল সমান হতে হবে। Web Portal এ খাত ভিত্তিক ঋণ বিতরণের তথ্য অত্যন্ত সতর্কতা অবলম্বন করে দৈনিক ভিত্তিতে এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে। কারণ Web Portal এর খাত ভিত্তিক তথ্যই চূড়ান্ত বলে গণ্য করা হবে এবং পাক্ষিক ভিত্তিতে তা বাংলাদেশ ব্যাংক এর কৃষি ঋণ বিভাগে প্রেরণ করা হবে ;

ঙ) এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১, তারিখঃ ০৯/০৯/২০২১ মোতাবেক সিএমএসএমই প্রণোদনা প্যাকেজের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের (২য় পর্যায়) ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার সময়ভিত্তিক আনুপাতিক অর্জনসহ আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে;

চ) ২০২৪ সালে সিএমএসএমই খাতে ঋণ স্থিতি ব্যাংকের মোট ঋণ স্থিতির ২৫% হতে হবে। সে লক্ষ্যে ৩০/১২/২০২২ তারিখে সিএমএসএমই খাতে অত্র ব্যাংকের ঋণ স্থিতি হতে হবে মোট ঋণ স্থিতির ২৩% এবং প্রতিবছর তা ১% করে বৃদ্ধি করতে হবে ;

ছ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফলিওতে সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাকে ঋণ বিতরণ এবং ঋণ স্থিতির পরিমাণ ক্রমান্বয়ে ১৫% এ উন্নীত করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। প্রত্যেক শাখাকে এ খাতে ঋণ বিতরণের মাধ্যমে ঋণের প্রবাহ বৃদ্ধি করতে হবে ;

জ) বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখঃ ১২/০৪/২০২০ এবং এফআইডি-০১ ও এফআইডি-০২ এর আওতায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ দ্রুত বাস্তবায়ন করতে হবে;

ঝ) নতুন কৃষক/গ্রাহকগণের মধ্যে ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে প্রাপ্ততা সীমার এবং ভোগরত ঋণের ক্ষেত্রে ভোগরত সীমার নির্ধারিত হার অনুসরণপূর্বক ঋণ মঞ্জুরি ও বিতরণ করতে হবে;

ঞ) আলোচ্য প্রণোদনা প্যাকেজসমূহের আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন, বিতরণ, সুদ ভর্তুকী এবং পুনঃঅর্থায়ন সংক্রান্ত মাসিক বিবরণী পরবর্তী মাসের ০৫(পাঁচ ) কর্মদিবসের মধ্যে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

চলমান পাতা-০৩

০৮। সমাপনী বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সকলকে স্বাস্থ্যবিধি মেনে সমন্বিতভাবে কোভিড-১৯ এর মহামারি পরিস্থিতি সতর্কতা ও সাহসিকতার সাথে মোকাবেলা করে চলতি অর্থ বছরের অবশিষ্ট সময়কে সর্বোচ্চ কাজে লাগিয়ে সকলকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করে অভিষ্ট লক্ষ্যে পৌছানোর জন্য নির্দেশনা প্রদান করেণ। তিনি বাংলাদেশ কৃষি ব্যাংককে একটি স্বনামধন্য লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার আহবান জানান। পর্যালোচনা সভার আলোচনা মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত নির্দেশনাসমূহ মহাব্যবস্থাপকগণ তাদের অধিনস্ত মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগণের সাথে এবং মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখা ব্যবস্থাপকদের সাথে এবং শাখা ব্যবস্থাপকগণ শাখায় কর্মরত সকলের সাথে আলোচনা করে বাস্তবায়নের নিমিত্তে দিক নির্দেশনা প্রদান করেন। পরিশেষে সরকার ঘোষিত সকল প্রণোদনা প্যাকেজসমূহের পূর্ণাঙ্গ বাস্তবায়ন এবং চলতি ২০২১-২০২২ অর্থবছরের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন এবং পর্যালোচনা সভার কার্যক্রম সফলভাবে সম্পাদনে সার্বিক সহযোগিতার জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| ৩০.০১.২২ | ৩০.০১.২২ |
| (মীর মোফাজ্জল হোসেন) | (মোঃ ইসমাইল হোসেন) |
| উপব্যবস্থাপনা পরিচালক-২ | ব্যবস্থাপনা পরিচালক |

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/১৪৩০(১২৫০) তারিখঃ ৩০/০১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
১০। নথি/মহানথি।

৩০/০১/২০২২
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক